# চিন্তাশীল

রবীন্দ্রনাথ ঠাকুর

## বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

### ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. **কাশী কোন ধর্মাবলম্বীদের তীর্থস্থান?**
● হিন্দুদের ⓖ বৌদ্ধদের ⓖ খ্রিষ্টানদের ⓘ মুসলমানদের

২. **'চিন্তাশীল' নাটকে লক্ষ্মী শব্দটির প্রয়োগ হয়েছে কার প্রতি?**
ⓚ দেবীর প্রতি ⓖ লোকের প্রতি ● ছেলের প্রতি ⓘ মায়ের প্রতি

৩. **'আমি এক হপ্তা ভেবে পরে বলব'। এ উক্তিটিতে 'হপ্তা' শব্দটি কোন ধরনের ভাষার শব্দ?**
ⓚ সাধু ⓖ চলিত ● আঞ্চলিক সাধু ও চলিতের মিশ্রণ

৪. **আদিতে 'লক্ষ্মী' শব্দটি কাদের উদ্দেশ্যে ব্যবহৃত হতো?**
● দেবীদের ⓖ মেয়েদের ⓖ পুরুষদের ⓘ ছেলে-মেয়েদের

### ■ সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১** অযৌক্তিক চিন্তার কুফল

সুবোধ সবসময় চিন্তামগ্ন থাকে। তাই সকলে তাকে চিন্তাশীল বলে। বেশি চিন্তার কারণে সে বাস্তব জগৎ থেকে দূরে সরে আছে। সে কারণে তার আশপাশের মানুষদেরও সে বিব্রত করছে। সুবোধের মতো যারা অকারণে সব বিষয় নিয়ে চিন্তা করে সময় নষ্ট করে তাদের দিয়ে বাস্তবে কোনো কাজ হয় না। তবে প্রয়োজনবোধে চিন্তা করা দরকার।

ক. 'চিন্তাশীল' কোন ধরনের রচনা?
খ. প্রয়োজনবোধে চিন্তা করা দরকার– ব্যাখ্যা কর।
গ. চিন্তাশীলদের জীবনে কী সমস্যা হয় অনুচ্ছেদের আলোকে– ব্যাখ্যা কর।
ঘ. অবান্তর চিন্তার ফলাফল অনুচ্ছেদের আলোকে বিশেরষণ কর।

**১ নং প্রশ্নের উত্তর**

**ক** 'চিন্তাশীল' একটি শিশুতোষ হাস্যরসাত্মক রচনা।

**খ** প্রয়োজনবোধে চিন্তা করা দরকার– মন্তব্যটি যথার্থ।
একটি সুন্দর চিন্তা একটি ভালো কাজের অর্ধেক। তাই প্রয়োজনীয় চিন্তা জীবন গঠনের সহায়ক। চিন্তা মানুষের একটি স্বাভাবিক প্রক্রিয়া। চিন্তা যদি বস্তুনিষ্ঠ ও বিষয়ভিত্তিক হয় তবে তার ভালো ফল আসে। তাই প্রয়োজনবোধে চিন্তা করা দরকার। কিন্তু কেউ যদি সারাৰণ অনির্ধারিত কোনো বিষয় নিয়ে চিন্তা করে তাহলে সেৰেত্রে কোনো ভালো ফল আসে না। এতে সে নিজেও কষ্ট পায় এবং তার আশপাশের সবাইও কষ্ট পায়।

**গ** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'চিন্তাশীল' নাটিকায় চিন্তাশীলদের জীবনের নানা সমস্যা উঠে এসেছে।
একটি ভালো চিন্তা যেমন জীবন গঠনে সহায়ক তেমনি অতিরিক্ত চিন্তা মানুষের জন্যে ৰতিকর। চিন্তাশীলেরা সবকিছু ভাবতে যেমন সময় নেয় তেমন অনেক সময় অধিক ভাবনার কারণে তারা বাস্তব জগত থেকে দূরে সরে যায়।
উদ্দীপকের সুবোধও সবসময় চিন্তাশীল বলে চিন্তা করে সময় নষ্ট করে কিন্তু বাস্তবে তার কোনো ফল আসে না। 'চিন্তাশীল' নাটিকাতে নরহরি সবসময় চিন্তায় মগ্ন থাকে বলে লেখক তাকে চিন্তাশীল বলেছেন। নরহরি অনেক কিছু নিয়ে খুব ভাবে কিন্তু কোনো সমাধান দিতে পারে না। অতিরিক্ত চিন্তার জন্য সে একদিকে যেমন বাস্তব জগৎ থেকে দূরে সরে গিয়েছে তেমনি আশপাশের মানুষদেরকেও বিব্রত করেছে। উদ্দীপকের সুবলের ৰেত্রেও একই ধরনের সমস্যা দেখা গিয়েছে।

**ঘ** 'চিন্তাশীল' নাটিকায় অবান্তর চিন্তার নেতিবাচক ফলাফলের কথা নানাভাবে প্রকাশ পেয়েছে।
আলোচ্য রচনায় নরহরি অতিরিক্ত চিন্তা করে বলে একদিকে সে যেমন কোনো কিছুর সমাধান দিতে পারে না, অন্যদিকে বাস্তব জগৎ থেকে তার দূরত্ব বেড়েই চলছে।
উদ্দীপকের সুবোধও অবান্তর চিন্তা করে সময় নষ্ট করে। নরহরি সবসময় চিন্তায় মগ্ন থাকে। কিন্তু তার এ চিন্তা কোনো সমাধান দেয় না। বেশি চিন্তার ফলে সে বাস্তব জগৎ থেকে দূরে সরে আছে এবং আশপাশের মানুষদেরও বিব্রত করছে। অকারণে নানা বিষয়ে অবান্তর চিন্তা কখনই মঙ্গলজনক নয়। উদ্দীপকের সুবোধের ৰেত্রেও একই ধরনের ঘটনা দেখা যায়।
তাই বলা যায় যে অবান্তর চিন্তার কোনো সুফল নেই। এর প্রতিটি দিক নেতিবাচক।

## পরীক্ষা প্রস্তুতি

এ অংশে সংযোজন করা হয়েছে– সেরা স্কুলসমূহের বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর, বিষয়ক্রম অনুযায়ী মাস্টার ট্রেইনার প্রণীত বহুনির্বাচনি প্রশ্নোত্তর ও সৃজনশীল প্রশ্ন ও উত্তর এবং নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর। এ অংশের সঠিক অনুশীলন শিৰার্থীদের পরীৰা প্রস্তুতিকে সম্পূর্ণ করবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ■ বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ লেখক পরিচিতি ➠** বোর্ড বই, পৃষ্ঠা ৩৩

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা কত তারিখে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ২৫শে বৈশাখ ⓖ ২৭শে বৈশাখ ⓖ ২৫শে শ্রাবণ ⓘ ২২শে শ্রাবণ

২. **রবীন্দ্রনাথ ঠাকুর ইংরেজি কত তারিখে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ ১৮১০ খ্রিষ্টাব্দের ৭ই মে ● ১৮৬১ খ্রিষ্টাব্দের ৭ই মে
ⓖ ১৮৬৫ খ্রিষ্টাব্দের ৭ই মে ⓘ ১৮৭০ খ্রিষ্টাব্দের ১০ই মে

৩. **বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর কোথায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ ঢাকা ● কলকাতা
ⓖ হুগলি ⓘ কুষ্টিয়া

৪. **রবীন্দ্রনাথের পিতার নাম কী?** (জ্ঞান)
● মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর ⓖ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
ⓖ নরেন ঠাকুর ⓘ বিদ্যানন্দ ঠাকুর

৫. **কবি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার পান?** (জ্ঞান)
ⓚ ১৯১০ সালে ● ১৯১৩ সালে ⓖ ১৯১৫ সালে ⓘ ১৯২০ সালে

৬. **কোন কাব্যগ্রন্থের ইংরেজি অনুবাদের জন্য রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান?** (জ্ঞান)
ⓚ বলাকা ⓖ বনফুল ● গীতাঞ্জলি ⓘ শেষ লেখা

৭. **'চিন্তাশীল' রবীন্দ্রনাথের কোন ধরনের রচনা?**
ⓚ উপন্যাস ● নাটিকা ● ছোটগল্প ⓘ প্রবন্ধ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮. রবীন্দ্রনাথ সম্পর্কে নিচের কোন তথ্যটি সঠিক–** (অনুধাবন)
i. তিনি মহাকাব্য লেখেননি
ii. অল্প বয়সেই কবি প্রতিভার উন্মেষ ঘটে
iii. গীতাঞ্জলি কাব্যগ্রন্থের জন্য নোবেল প্রাইজ পান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

**৯. রবীন্দ্রনাথ সম্পর্কে সঠিক তথ্য হলো–** (অনুধাবন)
i. জোড়াসাঁকোতে জন্মগ্রহণ করেন  ii. ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন
iii. ঢাকায় মৃত্যুবরণ করেন
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

### ➲ মূলপাঠ ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৩০-৩৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০. 'বাছা'কে দু'হাজার বছর আগে কী বলা হতো?** (জ্ঞান)
ক বাবা  খ ছেলে  ● বৎস  ঘ বাপ

**১১. নরহরিকে কাকে আদর করার কথা বলা হয়েছে?** (জ্ঞান)
ক বোনকে  খ ভাইকে  গ ভাইপোকে  ● ভাগ্নেকে

**১২. নরহরির মা কোথায় যেতে চেয়েছিল?** (জ্ঞান)
ক গয়া  ● কাশী  গ মথুরা  ঘ বৃন্দাবন

**১৩. 'চিন্তাশীল' নাটিকায় লণ্ডৰেত্রকে কী বলে অভিহিত করা হয়েছে?** (জ্ঞান)
● শ্মশানৰেত্র  খ জাদুঘর  গ রণাঙ্গন  ঘ বিদ্যালয়

**১৪. ছেলেবেলাকার আদরের ওপর কী নির্ভর করে?** (অনুধাবন)
ক পড়ালেখা  খ অর্থ উপার্জন  গ মনমানসিকতা  ● সমস্ত ভবিষ্যৎ

**১৫. নরহরি খেতে দেরি করে কেন?** (জ্ঞান)
ক কাজে ব্যস্ত থাকায়  খ খাওয়ার রুচি না থাকায়
● অতিরিক্ত চিন্তাশীল হওয়ায়  ঘ খাবার দেরিতে হওয়ায়

**১৬. যারা চিন্তা করে সময় নষ্ট করে বাস্তবে তাদের দিয়ে–** (অনুধাবন)
ক উন্নতি হয়  খ অবনতি হয়  গ জ্ঞানী হয়  ● কোনো কাজই হয় না

**১৭. 'চিন্তাশীল' গল্পে নরহরির চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে?** (উচ্চতর দৰতা)
ক সময়ক্ষেপণকারী  ● বাস্তবতা বিরোধী
গ ধর্মের প্রতি অনীহা  ঘ অবাধ্যতা

**১৮. 'চিন্তাশীল' কী ধরনের রচনা?** (জ্ঞান)
ক শিক্ষামূলক  ● হাস্যরসাত্মক  গ উপন্যাসধর্মী  ঘ ছোটগল্প

**১৯. লেখক নরহরিকে চিন্তাশীল বলেছেন কেন?** (অনুধাবন)
ক চিন্তা করে রোগী হওয়ার জন্য  ● সবসময় চিন্তায় মগ্ন থাকার জন্য
গ মাকে চিন্তাশীল করার জন্য  ঘ সবাইকে চিন্তিত করার জন্য

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২০. 'সূর্য অস্ত যায় না'। নরহরি এ কথা বলার কারণ–** (অনুধাবন)
i. সূর্য পৃথিবীকে প্রদৰিণ করে  ii. পৃথিবী সূর্যের চারদিকে ঘোরে
iii. সে সঠিক তথ্য জানে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  ● ii ও iii  ঘ i, ii ও iii

**২১. মা নরহরিকে টাকার বন্দোবস্ত করতে বলার কারণ–** (অনুধাবন)
i. যাতে নরহরির বাস্তব জ্ঞান হয়  ii. যাতে নরহরি বিবাহে সম্মত হয়
iii. যাতে নরহরি সচেতন ও স্বাভাবিক হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :**

রববিনা প্রায় কোনো না কোনো বিষয় নিয়ে চিন্তামগ্ন থাকে। তার ধারণা প্রত্যেকটি বিষয় নিয়েই গভীরভাবে ভাবলে নতুন কিছু সৃষ্টি করা সম্ভব।– এ ভাবনা থেকে রববিনা একদিন বিজ্ঞানী হওয়ার আশা পোষণ করে।

**২২. অনুচ্ছেদের বিষয়টি নিচের কোন গল্পটিকে ইঙ্গিত করে?** (প্রয়োগ)
ক কাঠের পা  ● চিন্তাশীল
গ রসুলের দেশে  ঘ অমি ও আইসক্রিম অলা

**২৩. রববিনার সাথে উক্ত গল্পের নরহরির বৈসাদৃশ্যপূর্ণ দিক হলো–** (প্রয়োগ)
i. চিন্তার ধরনে  ii. চিন্তার ফলাফলে
iii. চিন্তার গভীরতায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

### ➲ শব্দার্থ ও টীকা ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৩৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৪. 'দণ্ডবৎ' শব্দের মূল অর্থ কী?** (জ্ঞান)
ক প্রণাম করা  ● দণ্ডের তুল্য  গ আঘাত করা  ঘ চিন্তা করা

**২৫. 'অন্তঃকরণ' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
● মন  খ হাত  গ মস্তিষ্ক  ঘ আবৃত

**২৬. 'রোসো' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক রাতযাপন করা  ● সবুর করা  গ রক্ত ঝরা  ঘ রস সমৃদ্ধ

**২৭. মৃত ব্যক্তিকে পোড়ানোর স্থানকে কী বলা হয়?** (জ্ঞান)
● শ্মশান  খ কুরুৰেত্র  গ কাশী  ঘ তীর্থ

**২৮. 'হপ্তা' শব্দের অর্থ কী?** (জ্ঞান)
ক হাত  ● সপ্তাহ  গ হন্তারক  ঘ মাস

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৯. 'অধীর' কথাটি বোঝাতে যে শব্দ ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. চঞ্চল, অস্থির  ii. হাজির, বিদ্যমান  iii. কাতর, ব্যাকুল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  ● i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৩০. 'আচ্ছন্ন' শব্দটি বোঝাতে যে শব্দ ব্যবহার করা হয়–** (অনুধাবন)
i. আবৃত, ঢাকা  ii. ব্যাপ্ত, অচৈতন্য  iii. পুনরপি, বারানসী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

### ➲ সারসংক্ষেপ ➠ বোর্ড বই, পৃষ্ঠা ৩৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩১. লেখক চিন্তাশীল বলেছে কাকে?** (জ্ঞান)
ক জ্ঞানদাসকে  খ শ্যামদাসকে  ● নরহরিকে  ঘ গোপালকে

**৩২. নরহরি সকল সময় মগ্ন থাকে কোন কাজের মধ্যে?** (জ্ঞান)
● নানা বিষয়ে ভাবনা নিয়ে  খ নতুন আবিষ্কার নিয়ে
গ বস্তুর উৎপত্তি নিয়ে  ঘ বস্তুর উৎসমূল নিয়ে

**৩৩. বাস্তব জগত থেকে কে অনেক দূরে সরে আছে?** (জ্ঞান)
ক রামদাস  ● নরহরি  গ তুলসিদাস  ঘ জ্ঞানদাস

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৪. নরহরির বেশি চিন্তা করার ফলাফল হলো–** (উচ্চতর দৰতা)
i. বাস্তব জগত থেকে দূরে সরে আসা
ii. আশপাশে মানুষদের বিব্রত করা
iii. দুরারোগ্য রোগে আক্রান্ত হওয়া
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

**৩৫. যারা অকারণে চিন্তা করে তারা–** (অনুধাবন)
i. সময় নষ্ট করে  ii. কোনো কাজে আসে না
iii. অর্থ নষ্ট করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

# সৃজনশীল প্রশ্ন ও উত্তর

## ■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন– ১ ▸▸** ভণ্ড চিন্তাশীল

"নন্দ বাড়ির হত না বাহির, কোথা কী ঘটে কী জানি,

চড়িত না গাড়ি, কী জানি কখন উল্টায় গাড়িখানি।
নৌকা ফি সন ডুবিছে ভীষণ, রেলে কলিশন হয়,
হাঁটিলে সর্প, কুকুর আর গাড়ি–চাপা পড়া ভয়।
তাই শুয়ে শুয়ে কষ্টে বাঁচিয়া রহিল নন্দলাল।
সকলে বলিল, "ভ্যালা রে নন্দ, বেঁচে থাক চিরকাল।"

ক. আর্য গৌরবের শ্মশানৰেত্র কী? ১
খ. নরহরির মা কাশী যেতে চায় কেন? ২
গ. উদ্দীপকের নন্দলালের সাথে 'চিন্তাশীল' নাটকের নরহরির সাদৃশ্য দেখাও। ৩
ঘ. 'উদ্দীপক ও 'চিন্তাশীল' নাটকের প্রেৰাপটের ভিন্নতা রয়েছে'– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

## ১ নং প্রশ্নের উত্তর

**ক** আর্য গৌরবের শ্মশানৰেত্র হচ্ছে 'কুরবৰেত্র'।

**খ** নরহরির মা নরহরির যন্ত্রণায় বিরক্ত হয়ে কাশী যেতে চায়।
নরহরি সারাৰণ ভাবতে থাকে আর মাকে ভুল ধরিয়ে দেয়। সবকিছুর ব্যাখ্যা দিতে চায়। মা কোনো কথাই বলতে পারেন না। সব কথা নিয়েই নরহরি ব্যাখ্যা বিশেৱষণ করে। আর কিছু করতে বললে নরহরি তা নিয়ে অতিরিক্ত চিন্তা করে। এসব যন্ত্রণায় অতিষ্ঠ হয়ে নরহরির মা কাশী যেতে চায়।

**গ** উদ্দীপকের নন্দলালের সাথে 'চিন্তাশীল' নাটকের নরহরির সাদৃশ্য রয়েছে।
উদ্দীপকে নন্দলাল সবকিছুতেই ভয় পায়, সব বিষয়েই অতিরিক্ত চিন্তা করে। নন্দলাল ও নরহরির চরিত্রের মধ্যে একই প্রকার বৈশিষ্ট্য লৰণীয়।
'চিন্তাশীল' নাটকের নরহরি শুধু ভাবতে থাকে। বেশি চিন্তা করার ফলে সে বাস্তবতা থেকে দূরে সরে গেছে। বসে বসে ভেবে শুধু সময় নষ্ট করে। বাস্তবে কোনো কাজই করে না। উদ্দীপকের নন্দলাল দেশের কথা চিন্তা করে মনে করে তার বেঁচে থাকা জরবরি। তাই সে বাড়ির বাইরে যায় না, গাড়িতে চড়ে না, হাঁটলে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা– এসব ভেবে সে কোনো কাজই করে না। তাই উপযুক্ত আলোচনা থেকে বলা যায় যে, উদ্দীপকের নন্দলালের সাথে 'চিন্তাশীল' নাটকের নরহরির সাদৃশ্য রয়েছে।

**ঘ** উদ্দীপকের সাথে 'চিন্তাশীল' নাটকের প্রেৰাপটের দিক থেকে ভিন্নতা রয়েছে– মন্তব্যটি যথার্থ।
নরহরি ও নন্দলালের চারিত্রিক বৈশিষ্ট্য একই হলেও ঘটনার প্রেৰাপট ভিন্ন। উদ্দীপকের নন্দলাল নিজেকে খুব গুরবত্বপূর্ণ বিবেচনা করে, গাড়িতে চড়ে না, হাঁটতে বের হয় না কারণ কখন কী ঘটে। এতসব ভাবনায় তার আর কিছুই করা হয়ে ওঠে না। উদ্দীপকে নন্দলাল দেশের কথা চিন্তা করছে কিন্তু দেশের জন্য কিছুই করছে না। গল্পের নরহরি ভাবে সব বিষয় নিয়ে। সে শুধু ভাবে কোনো কাজ করে না।
নিজের জীবনের নিরাপত্তা বিধানের চিন্তায় দেশের জন্য তার নিজস্ব চিন্তাকে ফলপ্রসূ করতে পারে না। 'চিন্তাশীল' নাটকে নরহরি সারাদিন শুধু ভাবে তার এই ভাবনার ফলে সে বাস্তব জগৎ থেকে অনেক দূরে সরে গেছে। সে অন্যের বিরক্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। চারিত্রিক বৈশিষ্ট্যের মিল থাকলেও উভয়ের চিন্তার ৰেত্রটা ভিন্ন।
তাই বলা যায় উদ্দীপক ও 'চিন্তাশীল' নাটকের প্রেৰাপটে ভিন্নতা রয়েছে।

**প্রশ্ন– ২** ভণ্ড চিন্তাশীল

রনি ও বনি দুই বন্ধু। তারা 'চিন্তাশীল' নাটকটি নিয়ে কথা বলছিল। রনি বলল, পরিমিত চিন্তার বাইরে যারা একই বিষয় নিয়ে অন্তহীন ভাবনার সাগরে হাবুডুবু খায় তারা জীবনে কোনো উন্নতি করতে পারে না। বেশি চিন্তা করার কারণে তারা বাস্তব জগতের বাইরে চলে যায়। এমনকি অন্যকে বিব্রত করে। বনি রনির সাথে একমত হয়ে বলল যে, 'চিন্তাশীল' নাটকে নরহরি একজন মাত্রাতিরিক্ত চিন্তাশীল। তার এ মানসিকতা সবাইকে বিব্রতবোধে আচ্ছন্ন রাখে।

*[চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. 'চিন্তাশীল' নাটিকার লেখকের নাম কী? ১
খ. নরহরির মা কাশীবাসী হতে চায় কেন? ২
গ. তোমার চেনা জানা কোনো একজন চিন্তাশীল ব্যক্তির বৈশিষ্ট্য তুলে ধর। ৩
ঘ. নরহরির মাত্রাতিরিক্ত চিন্তাশীলতার স্বরূপ বিশেৱষণ কর। ৪

## ২ নং প্রশ্নের উত্তর

**ক** 'চিন্তাশীল' নাটিকার লেখকের নাম রবীন্দ্রনাথ ঠাকুর।

**খ** নরহরির মা কাশীবাসী হতে চায় কারণ নরহরির এবং পরিবারের প্রতি তার খেয়াল অহেতুক চিন্তা করে।
নরহরি কোনো প্রসঙ্গ পেলেই সেটি নিয়ে নতুন প্রসঙ্গ বানায়। এভাবে সে বাস্তব জীবন থেকে দূরে সরে গিয়ে আর তা নিয়ে আলোচনা করে নতুন প্রসঙ্গ তৈরি করে। এভাবে সে বাস্তব জীবন থেকে দূরে সরে পরিবারের প্রতি উদাসীন হয়। তার মা এ জন্য রাগে অভিমানে কাশীবাসী হতে চায়।

**গ** আমার চেনা একজন চিন্তাশীল ব্যক্তি আছে যে নরহরির মতোই বৈশিষ্ট্য ধারণ করে।
'চিন্তাশীল' নাটিকায় নরহরি একজন অহেতুক চিন্তায় মগ্ন ব্যক্তি। তার চিন্তার স্থিরতা নেই, আছে চঞ্চলতা। সঠিক ধারণা দেওয়ার জন্য সে যুক্তি দিলেও তার ঘন ঘন প্রসঙ্গ পাল্টানোর অভ্যাসটি দারবণ বিরক্তিকর। অপরদিকে নরহরি তার পরিবার বা বাস্তব জীবনের প্রতি মোটেও খেয়াল করে না। সে জন্য তার মা কাশীবাসী হতে চায়। নরহরি মূলত অতিরিক্ত চিন্তা করার কারণে তার ব্যক্তিত্ব একটি নির্দিষ্ট বৃত্তে বন্দি হয়েছে।
উদ্দীপকে রনি ও বনি যে প্রসঙ্গে নরহরির অতিরিক্ত চিন্তা করার অপকারিতা সম্পর্কে বলেছে আমিও আমার বন্ধু অনিকেতকে চিনি সে নিজেকে চিন্তাশীল ভাবে। অনিকেত নরহরির মতোই বেশি বেশি চিন্তা করে। যার ফলে অনেক সময় বাস্তবজ্ঞানের পরিচয় দিতে না পেরে বিভিন্ন সমস্যায় পড়ে। সে ছোট কোনো বিষয়কে অহেতুক বড় করে, কিন্তু কোনো সিদ্ধান্তে পৌঁছাতে পারে না। তা বাবা তাকে নিয়ে ভীষণ চিন্তিত। কারণ সে কিছুই করে না। এভাবে অনিকেত বৃত্তবন্দি হয়ে যাচ্ছে।

**ঘ** নরহরির মাত্রাতিরিক্ত চিন্তাশীলতার স্বরূপ অত্যন্ত বিরক্তিকর এবং হাস্যকর।
'চিন্তাশীল' একটি হাস্যরসাত্মক নাটিকা। নরহরি তার বাস্তবজ্ঞানের বদলে বেশি চিন্তা করার দৰ। এজন্য কোনো বিষয়ে সে স্থির থাকে না। তাই খেতে বসে চিন্তা করে, মা কোনো কথা বললে তার ভুল বের করে পাল্টা যুক্তি প্রদর্শন করে। সূর্য অস্ত যায় বললে বলে পৃথিবী উল্টে যায়। এসব চিন্তা করার ফলে নরহরি তার বাস্তবজ্ঞান থেকে দূরে সরে যায়। মা তখন অভিমান করে কাশীবাসী হতে চাইলে সে, সে বিষয়টি ভালোভাবে গ্রহণ করে। তখন মা খুবই মন খারাপ করে। তার অতিরিক্ত চিন্তা করার অভ্যাস তাকে ব্যক্তিত্ববান না করে ব্যক্তিত্বহীন করেছে।
উদ্দীপকে রনি ও বনি দুই বন্ধু 'চিন্তাশীল' নাটিকা নিয়েই আলোচনা। করছিল। রনি বলেছে পরিমিত চিন্তার বাইরে যারা একই বিষয় নিয়ে অন্তহীন ভাবনায় নিরন্তর হাবুডুবু খায় তারা জীবনে কোনো উন্নতি করতে পারে না। রনির এ কথাটি নরহরির চারিত্রিক দিককে তুলে ধরেছে। নরহরির অতিরিক্ত চিন্তাশীলতায় অন্যরা বিব্রতবোধ করে।

মাত্রাতিরিক্ত চিন্তাশীলতার কারণে নরহরির মধ্যে পরিবার, দায়িত্ব বা মায়ের প্রতি যথার্থ কর্তব্য পালন করা এসবকে গৌণ করেছে।

নাটিকায় নরহরির কার্যকলাপে অনেকের সাথে বেশি চিন্তা করার ফলাফল হিসেবে মাত্রাতিরিক্ত চিন্তাশীলতার দিকটি প্রকাশ পেয়েছে। উদ্দীপকে রনি ও বনির কথাবার্তায় 'চিন্তাশীল' নাটিকার নরহরির একই বৈশিষ্ট্য আলোচিত হয়েছে। সুতরাং নরহরির মাত্রাতিরিক্ত চিন্তাশীলতাই উভয় ৰেত্রে প্রকাশিত হয়েছে।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৩** ▸▸ অধিক বোঝার কুফল

রববা সারাৰণ বই নিয়ে পড়ে থাকে। জগৎ সংসারের প্রতিটি বিষয় নিয়ে উদ্ভট সব ভাবনা ভাবে সে। পরীৰায় বরাবরই সে কৃতিত্বের সঙ্গে পাস করে আসছে। কিন্তু বিএ পরীৰার আগে হঠাৎ তার মনে হলো পড়াশোনা করে কী হবে। পৃথিবীতে যারা পড়াশোনা করেছে এবং যারা করেনি তাদের কেউই চিরদিন বেঁচে নেই। এসব ভাবনা ভেবে একদিন রববা নিরবদ্দেশের পথে পা বাড়ায়।

ক. 'চিন্তাশীল' নাটিকায় চিন্তাশীল কে? ১

খ. পৃথিবী উল্টে যায় কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রববার সঙ্গে নরহরির কী ধরনের সাদৃশ্য রয়েছে– ব্যাখ্যা কর। ৩

ঘ. রববার পরিণতি আমাদেরকে কী শিৰা দেয়? 'চিন্তাশীল' রচনার আলোকে মূল্যায়ন কর। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** চিন্তাশীল নাটিকায় চিন্তাশীল নরহরি।

**খ** পৃথিবী উল্টে যাওয়া বলতে পৃথিবী নিজ কৰপথে সূর্যের চারদিকে ঘোরাকে বোঝানো হয়েছে।

পৃথিবী গোলাকার হওয়ায় ফুটবলের মতো ওপর থেকে নিচ দিকে ঘুরে যায়। এভাবে ঘূর্ণায়নের ফলে পৃথিবীর ভূপৃষ্ঠ থেকে মনে হয় সূর্য অস্ত যায়। প্রকৃতপৰে সূর্য অস্ত যায় না বরং পৃথিবীই উল্টে যায়। অর্থাৎ পৃথিবীই ঘোরে।

*Xclusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** উদ্দীপকের রববা এবং গল্পের নরহরি উভয়েই অধিক ভাবালুতার কারণে বাহ্যজগৎকে ভুলে থেকেছে সে বিষয়টির সাদৃশ্য আলোচনা করতে হবে।

**ঘ** রববার পরিণতি আমাদেরকে বাহ্য জগতের সাথে সংশিৱষ্টতা ও প্রত্যেকটি কাজের প্রয়োজনীয়তা বিষয়ে শিৰা দেয় পাশাপাশি পাঠ্য গল্পের ভাবুক নরহরি সম্পর্কে গঠনমূলক আলোচনা করতে হবে।

# নিশ্চিত কমন উপযোগী জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

## ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ মাছির ভনভন শব্দ কোথা থেকে হয়?**

**উত্তর :** মাছির ভনভন শব্দ ডানা থেকে হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ মা নরহরিকে মাসে মাসে কীসের বন্দোবস্ত করে দিতে বলেন?**

**উত্তর :** মা নরহরিকে মাসে মাসে কিছু টাকার বন্দোবস্ত করে দিতে বলেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ ছেঁড়া চাদর, একমুখ দাড়ি কার?**

**উত্তর :** ছেঁড়া চাদর, এক মুখ দাড়ি নরহরির।

**প্রশ্ন ॥ ৪ ॥ নরহরিকে দেখে হেসে কুরবৰেত্র হয় কে?**

**উত্তর :** নরহরিকে দেখে হেসে কুরবৰেত্র হয় সুবলের মা।

**প্রশ্ন ॥ ৫ ॥ কাশী কী?**

**উত্তর :** কাশী হলো হিন্দুধর্মাবলম্বীদের তীর্থস্থান।

**প্রশ্ন ॥ ৬ ॥ রবীন্দ্রনাথ ঠাকুর কীসের জন্য 'নোবেল প্রাইজ' লাভ করেন?**

**উত্তর :** রবীন্দ্রনাথ ঠাকুর 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের জন্যে 'নোবেল প্রাইজ' লাভ করেন।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সুবলের মা হেসে কুরবৰেত্র হলেন কেন?**

**উত্তর :** নরহরির বেশভূষা দেখে সুবলের মা হেসে কুরবৰেত্র হয়েছেন। নরহরি এক ভাবুক তরবণ। ছেঁড়া চাদর আর মুখভর্তি দাড়ি। যেন এক সন্ন্যাসী, বাড়িঘর ছেড়ে বৈরাগ্য জীবনযাপন করছে। তার এ অস্বাভাবিক জীবনযাপন দেখে সুবলের মা কটাৰ করে হেসে কুরবৰেত্র হলেন।

**প্রশ্ন ॥ ২ ॥ কুরবৰেত্রের নাম শুনে নরহরি কেঁদেছে কেন?**

**উত্তর :** কুরবৰেত্রের বিয়োগান্তক ঘটনা মনে করেই নরহরি কেঁদে উঠল।

মহাভারতে কুরবৰেত্র নামক যুদ্ধৰেত্রে কৌরবদের সাথে পান্ডবদের যুদ্ধ সংঘটিত হয়। এ মহাযুদ্ধে উভয় পৰের অনেক সৈন্য নিহত হয়। এজন্য হিন্দুধর্মাবলম্বীদের কাছে কুরবৰেত্র একটি বিষাদময় নাম। আর এ ঘটনা স্মরণ করেই নরহরি কেঁদেছে।